15

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 05 MAR 1994
পৃষ্ঠা ৭ কলাম ৮

# স্কুলের ফি পরিশোধ না হওয়ায় ৮ বছরের ছাত্রকে আটক রাখা হয়

স্টাফ রিপোর্টার ॥ স্কুলের ফি বাকি ছিল। তাই আট বছরের শাকিলকে স্কুল কর্তৃপক্ষ ঈদের ছুটির পরও আটকে রেখেছিলেন হোস্টেলে। অনেক কান্নাকাটি এবং

(শেষ পৃষ্ঠা ২ কঃ দেখুন)

## স্কুলের ফি

(প্রথম পাতার পর)

অভিভাবকদের চাপের মুখে শাকিল শুক্রবার মুক্তি পেয়েছে হোস্টেল নামের বন্দীশালা থেকে।

মোহাম্মদপুর প্রি-ক্যাডেট এ্যান্ড হাইস্কুলের দ্বিতীয় শ্রেণীর ছাত্র শাকিল। মাত্র এক মাস আগে শাকিল এই আবাসিক স্কুলে ভর্তি হয়। স্কুলের বাৎসরিক ফি ২৫ হাজার টাকা। শাকিলের মা শাহীন আকতার ২২ হাজার টাকা পরিশোধ করেন। বাকি তিন হাজার টাকা পরে পরিশোধ করার কথা ছিল। গত বৃহস্পতিবার স্কুলে ঈদের ছুটি হয়। হোস্টেলের সব ছাত্র বাড়ি চলে যেতে শুরু করে। শাকিলের অভিভাবক হোস্টেলে আসেন তাকে বাসায় নিয়ে যাওয়ার জন্য। কিন্তু স্কুল কর্তৃপক্ষ তাকে হোস্টেলে আটকে রেখে অভিভাবককে ফিরিয়ে দেন। বলা হয়, বকেয়া ফি পরিশোধ করা না হলে শাকিলকে যেতে দেয়া হবে না।

এ ঘটনার পর শাকিল হোস্টেলে কান্নাকাটি শুরু করে। শাকিলের মা মিসেস শাহীন আকতার জানান, অনেক অনুনয়-বিনয় করেও তারা স্কুল কর্তৃপক্ষের মন গলাতে ব্যর্থ হন। স্কুলের চেয়ারম্যান ও অধ্যক্ষের সঙ্গে দেখা করার চেষ্টা করেও ব্যর্থ হন। বলা হয়, তারা বাসায় নেই, বাইরে গেছেন। শুক্রবার বিকালে অনেক চেষ্টার পর হোস্টেল থেকে শাকিলকে উদ্ধার করা সম্ভব হয়।

শুক্রবার রাতে আরাফাত প্রি ক্যাডেট স্কুল এন্ড কলেজের অধ্যক্ষা মাহমুদা খানম সিদ্দিকীর বাসায় বার বার ফোন করেও তাকে পাওয়া যায়নি। বাসা হতে তার পিএ জানান, তিনি দেশে নেই। কিন্তু শাকিলের অভিভাবক জানিয়েছেন, অধ্যক্ষা দেশেই আছেন, বাসাতেই আছেন।

SHEETS